
# বয়স ১৪০ ছোঁয়ার দাবি প্রবীণ আফগানের, খতিয়ে দেখছে তালেবান

দ্য টেলিগ্রাফ

প্রকাশ: ০৫ এপ্রিল ২০২৫, ১৯: ৫৮



ছবি: এআই জেনারেটেড

আফগান নাগরিক আকেল নাজির দাবি করেছেন, তাঁর বয়স হয়েছে ১৪০ বছর। নাজিরের এমন দাবিতে হইচই পড়ে গেছে। খতিয়ে দেখছে আফগানিস্তানের তালেবান প্রশাসন। দাবি সত্য প্রমাণিত হলে নাজির হবেন এখন পর্যন্ত বিশ্বের সবচেয়ে প্রবীণ জীবিত ব্যক্তি।

আফগানিস্তানের পূর্বাঞ্চলের পার্বত্য খোস্ত প্রদেশে বসবাস করেন নাজির। তাঁর দাবি, তিনি ১৮৮০-এর দশকে জন্ম নিয়েছেন। ১৯১৯ সালে তৃতীয় অ্যাংলো-আফগান যুদ্ধের সময় তাঁর বয়স ছিল ত্রিশের কোটায়।

নাজির দাবি করেন, ব্রিটিশবিরোধী ওই সংঘাতের শেষে তিনি আফগানদের নেতা বাদশাহ আমানুল্লাহ খানের সঙ্গে থেকে উদ্‌যাপনের কথা মনে করতে পারেন। বাদশাহ আমানুল্লাহ পূর্ণ স্বাধীনতার প্রত্যাশায় ব্রিটিশদের বিরুদ্ধে জিহাদ শুরু করেছিলেন।

স্মৃতি হাতড়ে নাজির বলেন, ‘ওই সময় আমি বাদশাহ আমানুল্লাহ খানের সঙ্গে প্রাসাদে ছিলাম। তখন আমার বয়স ৩০ ছাড়িয়েছে। তাই আমি ব্রিটিশদের পালিয়ে যাওয়া মনে করতে পারি।’

নাজির আরও বলেন, ‘সবাই খুব খুশি হয়েছিলেন। ব্রিটিশদের তাড়ানোয় বাদশাহ আমানুল্লাহকে ধন্যবাদ জানিয়েছিলেন। তখন আরও অনেক নেতা আমাদের সঙ্গে প্রাসাদে গিয়েছিলেন। কিন্তু এখন তাঁরা আর কেউ বেঁচে নেই।’

তবে নিজের দাবির সপক্ষে নাজিরের কাছে কোনো নথিপত্র নেই। তাই নাজিরের এই দাবির বিষয়ে যাচাই করছে তালেবান প্রশাসন।

তালেবানের প্রাদেশিক মুখপাত্র মুস্তাগাফার গুরবাজ বলেন, ‘নাজিরের সঠিক বয়স শনাক্ত ও যাচাই করতে একটি বিশেষ নাগরিক নিবন্ধন দল পাঠানো হয়েছে। যাচাইয়ে সত্য প্রমাণিত হলে আমরা

বিশ্বের সবচেয়ে প্রবীণ ব্যক্তি হিসেবে তাঁর স্বীকৃতির জন্য কাজ করব।'

খোস্ত প্রদেশের পার্বত্য এলাকায় বড় একটি পরিবারে নাজিরের বসবাস। ওই পরিবারে কয়েকটি প্রজন্মের মানুষ রয়েছে। পরিবারের সদস্যরাও নাজিরকে বিশ্বের সবচেয়ে বয়স্ক ব্যক্তি বলে মনে করেন।

নাজিরের নাতি খায়াল ওয়াজির বলেন, 'আমার বয়স ৫০ বছর হয়ে গেছে। তিনি আমার দাদা। আমারও নাতি-নাতনি রয়েছে।'

আরেক নাতি আবদুল হাকিম বলেন, 'সরকারের কাছে আমার অনুরোধ, আমার দাদার যে ১৪০ বছর বয়স হয়েছে, সেটা প্রমাণে আইডি কার্ড দেওয়া হোক। কিংবা অন্য কোনো বৈজ্ঞানিক প্রক্রিয়ায় সেটা প্রমাণ করে নথি দেওয়া হোক।'

নাজিরের ছেলে খায়াল নাজির জানান, তাঁর ভাই আর দুই বোনের বয়স ১০০ বছর হতে চলেছে।

বর্তমানে বিশ্বের সবচেয়ে প্রবীণ ব্যক্তি ধরা হয় ব্রাজিলের ইনাহ কানাবারো লুকাসকে। তিনি পেশায় নান (খ্রিষ্ট ধর্মসেবক) ছিলেন। গত জুনে তাঁর বয়স ১১৬ বছর ছুঁয়েছে। নাজিরের দাবি সত্য হলে তিনি লুকাসের চেয়ে দুই দশকের বেশি বড় হবেন।

স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান